FEB. 3 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ...... পৃষ্ঠা ...... কলাম ......

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের আজ ৪১তম সাধারণ সমাবর্তন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** আজ (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪১তম সাধারণ সমাবর্তন। বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা কেন্দ্রের খেলার মাঠে আজ সকাল ১০টায় সমাবর্তন অনুষ্ঠান শুরু হবে। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব এবং অংশগ্রহণকারী স্নাতকদের ডিগ্রী ও পদক বিতরণ করবেন। সমাবর্তন বক্তা হচ্ছেন কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের মাস্টার সেলুইন কলেজের প্রফেসর স্যার ডেভিড হ্যারিসন।

সমাবর্তন অনুষ্ঠানকে দু'টি পর্বে ভাগ করা হয়েছে। প্রথম পর্ব আরম্ভ হবে সকাল ১০টায়। এ পর্বে থাকছে চ্যান্সেলরের নেতৃত্বে র‍্যালি, উদ্বোধন ঘোষণা, সকল অনুষদের পিএইচডি ও এমফিল ডিগ্রী প্রদান, স্বর্ণপদক প্রদান এবং স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান। এরপর ভাইস-

**সমাবর্তন** প্রথম পৃষ্ঠার পর

চ্যান্সেলরের ভাষণ, সমাবর্তন বক্তৃতা এবং মাননীয় চ্যান্সেলরের ভাষণ ও ধন্যবাদ জ্ঞাপন। দ্বিতীয় পর্ব শুরু হবে বিকেল ৪টায়। এ পর্বে থাকছে সাংস্কৃতিক অনুষ্ঠান।

এবারের সমাবর্তনে প্রায় তিন হাজার নিবন্ধিত গ্রাজুয়েট, এক হাজার শিক্ষক, মন্ত্রী পরিষদের সদস্যবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, বিদেশী কূটনীতিকবৃন্দ, শিক্ষা-সামাজিক-সাংস্কৃতিক-সাংবাদিকতা ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং আন্তর্জাতিক সংস্থাসমূহের উচ্চপদস্থ কর্মকর্তাসহ গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন। বিশ্ববিদ্যালয় থেকে সর্বশেষ দু'বছরে স্নাতক, স্নাতকোত্তর, এমবিএ, এমবিবিএসসহ বিভিন্ন পেশাগত ডিগ্রীপ্রাপ্ত এবং এমফিল ও পিএইচডি ডিগ্রীপ্রাপ্তরা এ সমাবর্তনে অংশ নিচ্ছেন। এর মধ্যে ২৯ জনকে স্বর্ণপদক, ৬০ জনকে এমফিল এবং ২৫ জনকে পিএইচডি ডিগ্রী এবং বাকীদের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হবে।